সিলেট ইম্পেরিয়াল হাসপাতালে এন আই সি ইউ ও পি আই সি ইউ’র উদ্বোধন

চেম্বার ডেস্ক:: সংকটাপন্ন নবজাতক ও শিশুদের নিবিড় তত্ত্বাবধানে আজ সোমবার থেকে নগরীর নাইওরপুলে সিলেট ইম্পেরিয়াল হাসপাতালে ২০ বেড এর বিশেষায়িত নিউনেটাল ইনটেনসিভ কেয়ার ইউনিট (NICU) এবং পেডিয়াট্রিক ইনটেনসিভ কেয়ার ইউনিট (PICU) এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে।এন আই সি ইউ ও পি আই সি ইউ উদ্বোধন উপলক্ষে সোমবার(১৪ আগস্ট) সকালে হাসপাতালের নবপ্রতিষ্ঠিত বিশেষায়িত ইউনিটে এক দোয়া ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে সিলেট ইম্পেরিয়াল হাসপাতাল কর্তৃপক্ষ।

এন আই সি ইউ ও পি আই সি ইউ’র ২০ শয্যা বিশিষ্ট বিশেষায়িত ইউনিট উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রতিষ্ঠানের চেয়ারম্যান বিএমএ সিলেটের সাবেক সভাপতি,সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজের শিশু বিভাগের সাবেক বিভাগীয় প্রধান, বিশেষজ্ঞ চিকিৎসক অধ্যাপক ডা.এম এ মতিন।এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের এমডি বিশেষজ্ঞ চিকিৎসক অধ্যাপক ডা.সৈয়দ মুসা এম এ কাইয়ুম,অধ্যাপক ডা. জামাল আহমদ চৌধুরী,অধ্যাপক ডা. সাখাওয়াত হোসেন চৌধুরী,অধ্যাপক ডা. শফিকুর রহমান,ডা.এম এ হাই,ডা.নিজাম আহমেদ চৌধুরী,ডি এম ডি সোলায়মান আহসান তানভির,এডি(সহকারী পরিচালক),ডা.মোহাম্মদ মুসা,সিলেট অনলাইন প্রেসক্লাবের সভাপতি মুহিত চৌধুরী,প্রবীণ সাংবাদিক ও কলামিস্ট আফতাব চৌধুরী, সিলেট অনলাইন প্রেসক্লাবের সহ-সভাপতি ও দৈনিক আলোকিত সিলেটের ভারপ্রাপ্ত সম্পাদক গোলজার আহমদ হেলাল,ইমজার সাবেক সভাপতি মঈন উদ্দিন মঞ্জু প্রমুখ।

প্রতিষ্ঠানের চেয়ারম্যান অধ্যাপক এম এ মতিন জানান, সাশ্রয়ী মূল্যে সেবা প্রদান, এই ব্রত নিয়ে কাজ করাই ইম্পেরিয়াল হাসপাতালের লক্ষ্য।সিলেটের সেবা খাতে গুণগত পরিবর্তন আনতে কাজ করে যাচ্ছে এই হাসপাতাল ।ট্রেনিং প্রাপ্ত চিকিৎসক ও নার্সদের সমন্বয়ে ইম্পেরিয়াল হাসপাতালের সেবা চলমান আছে।এছাড়া আইসিইউ,সি সি ইউ,মডিওলার ওটি সহ অন্যান্য সেবা অচিরেই চালু হবে বলে তিনি জানান।তিনি আরো বলেন,সর্বাধুনিক প্রযুক্তি এবং তুলনামূলক কম

খরচে সেরা চিকিৎসা সেবা প্রদানে আমরা সেবা গ্রহীতা ও প্রত্যাশীদের নিকট অঙ্গীকারাবদ্ধ।